শেখ হাসিনার উদ্যোগ

# খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
## ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী
অফিস/বাসা : ০৪১-৭২১৯৯১
অভিযোগকেন্দ : ০৪১-৮১০৮৯০(১০১-১১৬)
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১৯৯১
ই-মেইল : khulnapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৩৩.০১.০১১.১৯.৩২১৪

তারিখঃ- ২৭ অগ্রহায়ণ/১৪২৬বঙ্গাঃ
১২ ডিসেম্বর/২০১৯খ্রিঃ

বিষয়:-আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তিঃ

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন সহকারী ক্যাশিয়ার পদে কর্মরত প্রার্থীদের নিকট হতে নিম্নবর্নিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃনং | পদের নাম | পদের সংখ্যা | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | **ক্যাশিয়ার** | ০১ টি | পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। | ক) প্রার্থীকে নুন্যতম ০৭ (সাত) বৎসর সহকারী ক্যাশিয়ার (নিয়মিত) হিসাবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) এইচ,এস,সি/ সমমান, ২য় বিভাগ অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ২.২৫ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে ২.৫০ থাকতে হবে।<br>গ) পবিস নিদের্শিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা থাকতে হবে।<br>ঘ) পবিস নিদের্শিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষনের উর্ত্তীন হতে হবে।<br>ঙ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে ।<br>চ) কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। |

**আবেদন করার পদ্ধতিঃ**

উল্লেখিত পদে পদোন্নতির যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের স্ব-হস্তে লিখিত পূর্ণ জীবন বৃত্তান্ত সহ সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, সর্বশেষ ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের প্রতিবেদনের ফটোকপি এবং সংশোধিত পবিস নির্দেশিকা/সার্কুলার মোতাবেক বাপবিবো কর্তৃক আয়োজিত প্রশিক্ষণের ফলাফলের ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণের ফটোকপি এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়ন পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত সুপারিশ ও বিনা আপত্তির সনদ পত্র, বিগত সর্বশেষ ০৫(পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে) শাস্তি যদি না থাকে তাহলে সুস্পষ্টভাবে তা উল্লেখ পূর্বক এবং তার বিরুদ্ধে কোন বিভাগীয় তদন্ত প্রক্রিয়াধীন নাই এবং ফৌজদারী মামলা চলমান নাই এই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র সহ আগামী ২১-১২-২০১৯ ইং তারিখ রোজ শনিবার সকাল ১১.০০ ঘটিকার মধ্যে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, ঠিকরাবন্দ, খুলনা -তে স্ব- শরীরে উপস্থিত হতে হবে।

**শর্তাবলীঃ-**

১। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নহে। তবে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকায় স্থায়ী ভাবে বসবাসকারী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই ।

২। ক্যাশিয়ার পদের জন্য সহকারী ক্যাশিয়ার পদে ০৭ (সাত) বছরের অভিজ্ঞতার স্বপক্ষে যোগদান ও নিয়মিতকরনের ফটোকপি,সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষণ কোর্সের ফলাফলের ফটোকপি,এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়নপূর্বক আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৩। উচ্চতর পদে পদোন্নতির জন্য স্বাক্ষাৎকার গ্রহনের ক্ষেত্রে নিম্নবর্নিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবে না ।

(ক) সর্বশেষ ০৩(তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন (খ) সর্বশেষ ০১(এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন, (গ) বিগত ০৫(পাঁচ) বছরের ভিতর একাধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন, (ঘ) বিগত ০৪(চার) বছরের ভিতর ০১ বার গুরুদন্ড এবং ০১ বার লগুদন্ড প্রাপ্ত হয়েছেন, (ঙ) বিগত ০৩(তিন) বছরের ভিতর একের অধিক বার লঘু দন্ড প্রাপ্ত হয়েছেন, (চ) পদোন্নতির জন্য ০৩ বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন, (ছ) বর্তমান বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময় কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না (জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে, তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

০৪। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে '' পবিস চাকুরি বিধি (সংশোধিত-২০১২)'' এর ধারা ০৭, ১৪ ও ১৬ এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

০৫। অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী / বোর্ড পরিচালক/ মহিলা পরিচালকগনের স্বামী/স্ত্রী অথবা উভয়ের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই।

০৬। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগ প্রাপ্ত হন তবে তাকে তদন্ত ব্যাতিরেকে চাকুরীচ্যুত করা হবে।

০৭। ক্যাশিয়ার পদে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বৎসরের জন্য '' চলতি দায়িত্ব'' হিসেবে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরৎ যেতে হবে।

০৮। নির্বাচনী সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রার্থীকে টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। কোন কারন দর্শানো ছাড়াই যে কোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১০। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

12.12.19
(প্রকৌঃ মোঃ আলতাফ হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ**- (সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)

০১॥ নির্বাহী পরিচালক,বাপবিবো,ঢাকা ।
০২॥ পরিচালক,পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পঃঅঃ)পরিদপ্তর,বাপবিবো, ঢাকা
০৩॥ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি পরিদপ্তর), বাপবিবো, ঢাকা।
০৪॥ জেলা প্রশাসক/পুলিশ সুপার, খুলনা।
০৫॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার....................................পবিস-১/২/৩/৪।
০৬॥ একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, বাপবিবো,ঢাকা ।
০৭॥ ডিজিএম-পাইকগাছা/ সেনেরবাজার/ডুমুরিয়া জোনাল অফিস/(সদর-কারিগরী), খুলনা পবিস ।
০৮॥ এজিএম(অর্থ/ওএন্ডএম/এমএস), খুলনা পবিস ।
০৯॥ সহঃজুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি), খুলনা পবিস (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
১০॥ নোটিশ বোর্ড, খুলনা পবিস ।
১১॥ অফিস/মাস্টার কপি ।

12.12.19
সিনিয়র জেনারেল ম্যানেজার
খুলনা পবিস।